

সকল যোগ্য পরিবার

সামার রাইজিং-এ ভর্তিতে স্বাগতম – মঙ্গলবার 3 মার্চ শুরু হচ্ছে!

প্রিয় পরিবার,

আপনার কি বর্তমানে কোনো কিন্ডারগার্টেন থেকে ৪ (অষ্টম) গ্রেডের শিক্ষার্থী আছে এবং সামারে তার জন্য বিনা-খরচের এবং নিরাপদ একটি প্রোগ্রাম খুঁজছেন? যদি তাই হয়, তাহলে আপনার শিক্ষার্থীর জন্য সামার রাইজিং সঠিক হতে পারে!

সামার রাইজিং নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) এবং ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট (DYCD)-এর মাঝে একটি অংশীদারিত্ব যা শিক্ষার্থীদেরকে 6-7 সপ্তাহব্যাপী প্রতিদিন ৪ (আট) ঘণ্টা পর্যন্ত সময়ের শিক্ষায়তনিক ও সমৃদ্ধিমূলক প্রোগ্রাম প্রদান করে।

এখানে কিছু গুরুত্বপূর্ণ তারিখ দেয়া হলো যা এই প্রক্রিয়ার সময় আপনার জানা থাকা দরকার:

- **মঙ্গলবার, 3 মার্চ, 2026:** সামার রাইজিং আবেদন শুরু
- **শুক্রবার, 27 মার্চ, 2026:** সামার রাইজিং আবেদন সমাপ্ত
- **মঙ্গলবার, 21 এপ্রিল, 2026:** সামার রাইজিং ফলাফল প্রকাশ এবং অপেক্ষা-তালিকা প্রকাশ
- **মঙ্গলবার, 5 মে, 2026:** সামার রাইজিংয়ের অফারের জবাব দেয়ার শেষ সময়

আবেদন এখনও শুরু না হলেও সর্বাধিক গুরুত্বপূর্ণ যে কাজটি আপনি এখন করতে পারেন সেটি হলো - আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্ট যথাযথভাবে সেট আপ নিশ্চিত করা।

একটি অ্যাকাউন্ট নেই? আপনার সন্তানের স্টুডেন্ট (শিক্ষার্থী) ID নম্বর এবং অ্যাকাউন্ট তৈরির কোড পেতে তার বর্তমান স্কুলের সাথে যোগাযোগ করুন। একবার এই তথ্য পেলে, আপনি [MySchools](#)-এ একটি অ্যাকাউন্ট (ইতোমধ্যে আপনার কোনো অ্যাকাউন্ট না থাকলে) তৈরি করতে এবং আপনার সন্তানকে যোগ করতে পারেন।

আপনার ইতোমধ্যেই একটি মাইস্কুলস্ অ্যাকাউন্ট থাকলে, একটি নতুন অ্যাকাউন্ট তৈরি করতে হবে না। যদি আপনি একটি নীল বক্স দেখেন যেখানে বলা আছে যে আপনার সন্তানের তথ্য যাচাই করা দরকার, সহায়তার জন্য অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করুন।

আপনার অ্যাকাউন্টে আপনার সন্তানকে কীভাবে যুক্ত করবেন:

1. আপনার ড্যাশবোর্ড থেকে, "Add a child" ক্লিক করুন।
2. যেই পছন্দটিতে বলা আছে "NYC-এর যেসব বাসিন্দা মিডল্ স্কুল, হাই স্কুল, 1-4 গ্রেডের গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড, বা সামার রাইজিং প্রোগ্রামে আবেদন করছেন" - সেটি বেছে নিন।
3. আপনার সন্তানের 9-রাশির স্টুডেন্ট ID নম্বর (OSIS) এবং অ্যাকাউন্ট তৈরির অনন্য কোড (যা আপনার NYCPS কোড থেকে ভিন্ন) প্রদান করুন। আপনার স্কুলের সাথে যোগাযোগ করে এই তথ্য চেয়ে নিতে পারেন। একবার এটি সম্পন্ন হয়ে গেলে যখন আবেদন শুরু হবে তখনকার জন্য আপনি পুরো তৈরি থাকবেন!

একাধিক সন্তানের জন্য আবেদন করতে হলে তাদের সবাইকে আপনি একই মাইস্কুলস্ অ্যাকাউন্টে যোগ করতে পারেন! আপনার সন্তানদের জন্য ভিন্ন ভিন্ন অ্যাকাউন্ট দরকার হবে না।

কোনো প্রশ্ন আছে কি? আপনার স্কুল কাউন্সেলরের সাথে কথা বলুন অথবা schools.nyc.gov/SummerRising ওয়েবসাইটে যান।

শুভেচ্ছান্তে,
সামার রাইজিং অ্যাডমিশন্স টিম
নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp -এ, আমাদের সামার রাইজিংয়ে ভর্তি সংক্রান্ত মেইলিং লিস্ট (ডাক তালিকায়) নাম লেখাতে বা সাইন আপ করতে ভুলবেন না। আপনি যদি সামার রাইজিং-এ ভর্তি বিষয়ক ভবিষ্যৎ বার্তা (মেসেজ)সমূহ থেকে আনসাবস্ক্রাইব করতে চান, তাহলে অনুগ্রহ করে [এখানে ক্লিক করুন](#)।